গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ৩০.১২.২০২১খ্রি:

## মাস্টার্স শেষ পর্ব পরীক্ষা-২০১৯ এর ফরম পূরণ বিজ্ঞপ্তি

**২০১৯ সালের মাস্টার্স শেষ পর্ব নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন ও প্রাইভেট পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, অনলাইনে আবেদনকৃত ফরম জমাদান কার্যক্রম সংযুক্ত সময়সূচি ও নিয়ম অনুসারে অনুষ্ঠিত হবে।**

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষা বিষয়ক ওয়েবসাইট: www.nubd.info/mf**

পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:

ক) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থীরা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৭ ও ২০১৮ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০১৯ সালের অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল পত্রের/কোর্সের পরীক্ষায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৭ ও ২০১৮ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে F গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০১৯ সালের পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ঘ) ২০১৮ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশ নিয়ে যেসব শিক্ষার্থী এক বা একাধিক পত্রে F গ্রেড পেয়েছে সেসব শিক্ষার্থী F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষায় অংশ নিবে এবং একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে গ্রেড উন্নয়নের লক্ষ্যে অংশগ্রহণ করতে পারবে। এসব শিক্ষার্থীরা ২০১৯ সালের পরীক্ষায় উত্তীর্ণ হলে মান উন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

ঙ) ২০১৮ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যেসব শিক্ষার্থী CGPA-2.50 বা এর কম পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা ২০১৯ সালের পরীক্ষায় যেসব কোর্স/পত্রে C এবং D গ্রেড পেয়েছে শুধুমাত্র সেসব কোর্স/পত্রে (সর্বোচ্চ ০২ (দুই) টি পত্রে) মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য, এসব শিক্ষার্থীর ইনকোর্স/ব্যবহারিক, টার্মপেপার,মৌখিক পরীক্ষার পূর্ববর্তী বছরের নম্বর বহাল থাকবে।

❖ পাঠ্যসূচি: ICT সহ এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি/এমনিউজ শেষপর্ব পরীক্ষার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক সর্বশেষ প্রণীত চলতি সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী:

১.আবেদনকারীকে নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়ে উল্লেখিত সওয়েবসাইটে প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরমপূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে অনলাইন থেকে আবেদন ফরম প্রিন্ট করতে হবে। পূরণকৃত ফরমটিতে বিষয় কোড ও ফি উল্লেখ থাকবে।

২.উক্ত প্রিন্টকৃত কপি নিয়ে অনলাইন ফরমে উল্লেখিত টাকা ও কলেজের প্রদেয় ফি রকেট এর মাধ্যমে (রকেট এর Biller ID: 4089) জমা দিয়ে ট্রানজেকশন আইডি সংগ্রহ সংগ্রহ করতে হবে এবং ফরমের উপর লিখতে হবে।

৩. আবেদনপত্রের সাথে সদ্য তোরা পাসপোর্টসাইজের ০২ কপি ছবি সংযোজন করে দিতে হবে।

৪. (যাদের রেজি:কার্ডে ICT কোড রয়েছে তাদেরকে অবশ্যই ফরম পূরণের সময় ICT কোড উল্লেখ করতে হবে। সম্মানীত বিভাগীয় প্রধানগণ রেজিস্ট্রেশন কার্ড দেখে বিষয়টি নিশ্চিত করবেন।)

বি:দ্র: প্রাইভেট পরীক্ষার্থীদের বেলায় একই নিয়ম প্রযোজ্য, তবে নিয়মিত পরীক্ষার্থী নিজ নিজ বিভাগে এবং প্রাইভেট পরীক্ষার্থীরা তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে কমিটির নিকট ফরম জমা দিবে।

**আবেদন ফরম পূরণ ও প্রিন্ট কপি জমাদানের সময়সূচি**

| মার্স্টাস বিষয় | ফরম জমাদানের তারিখ ও স্থান | স্ব স্ব বিভাগ থেকে বিবরণী ফরম কমিটির নিকট জমাদানের শেষ তারিখ |
|---|---|---|
| সকল বিষয়<br>(নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থী) | ০২/০১/২০২২<br>থেকে<br>২৩/০১/২০২২ পর্যন্ত<br><br>স্থান : নিজ নিজ বিভাগ | ২৯/০১/২০২২খ্রি: |
| সকল বিষয়<br>(প্রাইভেট পরীক্ষার্থী) | ২০/০১/২০২২<br>২২/০১/২০২২<br>২৪/০১/২০২২<br>সময়: ১০.০০ - ১.০০টা<br><br>স্থান : তথ্য ও অনুসন্ধান কেন্দ্র | |

অধ্যক্ষ ৩০/১২/২০২১
মুরারিচাঁদ কলেজ, সিলেট
Principal
Murarichand College, Sylhet.

স্মারক নং-৫-ঝ/এমসিক/মাফা/পরী/২০২১/
অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. উপাধ্যক্ষ, মুরারিচাঁদ কলেজ, সিলেট।
২. বিভাগীয় প্রধান.....................(সকল) বিভাগ মুরারিচাঁদ কলেজ, সিলেট।
৩. আহবায়ক, মাস্টার্স শেষ পর্ব পরীক্ষা কমিটি-২০১৯ মুরারিচাঁদ কলেজ, সিলেট।
৪. অফিস নথি।

অধ্যক্ষ ৩০/১২/২০২১
মুরারিচাঁদ কলেজ, সিলেট
Principal
Murarichand College, Sylhet.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ
সিলেট

তারিখ: ৩০.১২.২০২১

## মাস্টার্স শেষপর্ব পরীক্ষা-২০১৯-ফি এর হার (নিয়মিত, প্রাইভেট ও অন্যান্য)

| বিষয় | পরীক্ষার ফি (জাবি: নির্ধারিত) | কেন্দ্র ফি | টার্ম পেপার ফি | ব্যবহারিক কেন্দ্র ফি | ব্যবস্থাপনা ফি | মৌখিক কেন্দ্র ফি | ইনকোর্স পরীক্ষার ফি | মোট ফি কলেজ অংশ | মোট ফি (কলেজ+বিশ্ববিদ্যালয়) | আইসিটি ফি (যদি থাকে) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| এমএ/এমএসএস (নিয়মিত সকল বিষয়) | ২৮০০/- | ৪৫০/- | ১৫০/- | -- | ৫০/- | ২৫০/- | -- | ৯০০/- | ৩৭০০/- | আইসিটি ফি থাকলে ৭০০/- মোট ফি এর সাথে যোগ হবে। |
| এমএ/এমএসএস (প্রাইভেট সকল বিষয়) | ২৭০০/- | ৪৫০/- | -- | -- | ৫০/- | ২৫০/- | ২০০/- | ৯৫০/- | ৩৬৫০/- | |
| নিয়মিত/অনিয়মিত পদার্থবিদ্যা,রসায়ন,প্রাণিবিদ্যা, উদ্ভিদবিদ্যা,পরিসংখ্যান, গণিত | ২৯৫০/- | ৪৫০/- | -- | ২৭০/- | ৫০/- | ২৫০/- | -- | ১০২০/- | ৩৯৭০/- | |
| নিয়মিত/অনিয়মিত মনোবিজ্ঞান | ২৯৫০/- | ৪৫০/- | ১৫০/- | ২৭০/- | ৫০/- | ২৫০/- | -- | ১১৭০/- | ৪১২০/- | |

গ্রেড উন্নয়ন, সিজিপিএ উন্নয়ন, অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে আবেদনপত্রে উল্লেখিত টাকা+কেন্দ্র ও ব্যবস্থাপনা ফি ৫০০/- প্রযোজ্যক্ষেত্রে মৌখিক ২৫০/- ও ব্যবহারিক ২৭০/- ফি যোগ দিতে হবে।
যারা বিগত পরীক্ষাগুলোতে ফরমপূরণ না করে অনিয়মিত রয়েছে তাদেরকে মোট ফি এর সাথে ইনকোর্স ফি বাবদ ২০০/-টাকা জমা দিতে হবে।

- থিসিস গ্রুপের পরীক্ষার্থীরা তাদের মোট ফি'এর অতিরিক্ত থিসিস ফি ১৫০০/- টাকা জমা দিতে হবে
- পরীক্ষার্থীদের অবশ্যই লাইব্রেরী/সেমিনার পাওনা ও ছাত্রবাস বকেয়া পরিশোধকরতে হবে। বিভাগীয় প্রধানগণ এটি নিশ্চিত হয়ে আবেদন ফরমে স্বাক্ষর করবেন।
- শুধু নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে যদি আইসিটি থাকে তাহলে মোট ফি এর সাথে ৭০০/- টাকা যোগ হবে।

➢ অনলাইন ফরমে উল্লেখিত টাকার সাথে কলেজের ফি সহ রকেটের মাধ্যমে পরিশোধ করতে হবে।
➢ রকেটের টাকা যাচাই পূর্বক ফরম গ্রহণ করার জন্য বিভাগীয় প্রধানকে অনুরোধ করা হলো।
➢ রকেট এর Biller ID: 4089

অধ্যক্ষ ৩০/১২/২০২১
মুরারিচাঁদ কলেজ, সিলেট
Principal
Murarichand College, Sylhet.